গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয়: বাংলাদেশী বন্দরসমূহে IMDG (International Maritime Dangerous Goods) এবং IMSBC (International Maritime Solid Bulk Cargoes) কোড বাস্তবায়নের জন্য নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত Competent Authority গঠন ও Standard Operating Procedure (SOP) পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **মোঃ মোস্তফা কামাল**<br>**সচিব**<br>**নৌপরিবহন মন্ত্রণালয়** |
| **সভার তারিখ** | : | **০৮-০৮-২০২৩ খ্রি.** |
| **সময়** | : | **বেলা ০২.৩০ ঘটিকা** |
| **স্থান** | : | **নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ** |

**সভাকক্ষে উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভাকক্ষে ও ভার্চুয়াল প্লাটফর্মে উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি সভার কার্যপত্র পাঠ করার জন্য সৈয়দ আলী আহসান, উপসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়কে অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে উপসচিব (জাহাজ) সভার কার্যপত্র পাঠ করে শোনান। উপসচিব (জাহাজ) জানান, গত ২৪-০৭-২০২২ খ্রি. আলোচ্য বিষয়ে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছিল। সভার সিদ্ধান্তগুলোর আলোকে নৌপরিবহন অধিদপ্তর এর বাস্তবায়ন অগ্রগতি কি তা পর্যালোচনার নিমিত্ত সভা আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি নৌপরিবহন অধিদপ্তরকে তাদের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে প্রস্তুতকৃত প্রেজেন্টেশন উপস্থাপনার জন্য অনুরোধ করেন। নৌপরিবহন অধিদপ্তরের চীফ নটিকেল সার্ভেয়ার (চঃ দাঃ) ক্যাপ্টেন গিয়াস উদ্দিন আহমেদ সভায় প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

২। সভাপতি সভায় জানান, দেশের অভ্যন্তরে Dangerous Goods সম্পর্কিত যেকোনো দুর্ঘটনা ঘটার সময় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কোন কোন কর্মকর্তা/কর্মচারিগণ দায়িত্বরত ছিলেন, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিগণ সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করেছিলেন কি না তা ভাল করে যাচাই-বাছাই করে দেখা উচিত। কর্তব্যে অবহেলাকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা উচিত। তিনি বলেন, নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত Competent Authority-তে মন্ত্রণালয়/বিভাগ উল্লেখ না করে মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নাম উল্লেখ করা সঠিক হবে। মন্ত্রণালয়/বিভাগ এর নাম বর্ণিত কমিটিতে রাখতে হলে মন্ত্রিপরিষদ বিভাগের প্রাক অনুমোদন প্রয়োজন হয়। সভাপতি বলেন, কমিটি প্রয়োজনে লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে যেকোনো দপ্তর/সংস্থার প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার সুযোগ থাকা উচিত।

৩। সভাপতি বলেন, Inland Container Depot (ICD) গুলিতে স্ক্যানার মেশিন থাকা বাধ্যতামূলক। আইনে বলা থাকলেও আজও পর্যন্ত স্ক্যানার মেশিন স্থাপন করা হয়নি। এছাড়াও সভাপতি বলেন, IMDG এবং IMSBC কোড বাস্তবায়নে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে সার্বক্ষণিক তদারকি/নজরদারিতে রাখা উচিত। বন্দর কর্তৃপক্ষকে যতটা নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক তদারকি/নজরদারিতে রাখা হবে তত উক্ত কোড বাস্তবায়ন কাজ সফল হবে।

৪। সভায় নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর মোহাম্মদ মাকসুদ আলম জানান, ২০১৭ সালে IMSAS Audit আপত্তির পরিপ্রেক্ষিতে রিপোর্ট চলে এসেছে। উক্ত অডিট আপত্তির বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর হতে IMO তে পত্র প্রেরণ করা হয়েছে। IMO কর্তৃক প্রস্তাব অনুমোদনের পরিপ্রেক্ষিতে নৌপরিবহন অধিদপ্তর Dangerous Goods নিয়ে কাজ করছে। মহাপরিচালক Competent Authority তে FBCCI কে অন্তর্ভুক্তির বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। সভায় মহাপরিচালক জানান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অভ্যন্তরে প্রায় ২০ বছর যাবৎ Radio-active substance পড়ে আছে, এটি কেউ Disposal করছে না। এটি দ্রুত Disposal করা উচিত। তিনি জানান, চট্টগ্রাম বন্দরে পড়ে থাকা Radio-active substance কে Disposal করবে সে বিষয়টি অমিমাংসিত রয়ে গিয়েছে। তিনি আরও জানান, সমুদ্র পথে জাহাজগুলো IMO Regulation মোতাবেক পরিচালিত হয়ে থাকে। জাহাজগুলোতে Dangerous Goods পরিবহন করার মত সামর্থ থাকলেই কেবল তা পরিবহন করা যাবে। এছাড়াও, মহাপরিচালক SOP প্রসঙ্গে বলেন, সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাগুলোর নিকট নৌপরিবহন অধিদপ্তর হতে Standard Operating Procedure (SOP) চাওয়া হয়েছে। কোন কোন দপ্তর/সংস্থা হতে SOP পাওয়া গিয়েছে, কোন কোন দপ্তর/সংস্থা এখনো কোনো SOP দেয়নি। তিনি আরও জানান অন্যান্য দেশের SOP অনুসরণ করে খসড়া SOP প্রস্তুত করে পুনরায় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাগুলোর নিকট মতামতের জন্য প্রেরণ করা হবে।

চলমান পাতা-২

৫। সভায় বিআইডব্লিউটিএ এর চেয়ারম্যান কমডোর আরিফ আহমেদ মোস্তফা জানান, Competent Authority-তে আর্মড ফোর্সেস ডিভিশন এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করাটা যৌক্তিক হবে না। আর্মড ফোর্সেস ডিভিশন মন্ত্রণালয়ের সমতুল্য বিধায় Competent Authority-তে অর্মড ফোর্সেস ডিভিশন এর প্রতিনিধি না রাখা সমীচীন।

৬। বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী সভায় জানান, বাংলাদেশ স্থল কর্তৃপক্ষের ডেপুটি কনজার্ভেটর নামে কোন পদ নেই। তাই বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষকে Competent Authority-তে অন্তর্ভুক্ত করতে হলে বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ নামেই অবহিত করতে হবে।

৭। সভায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পরিচালক (ট্রাফিক) জনাব এনামুল করিম জানান, Competent Authority-তে নৌপরিবহন অধিদপ্তর ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি রাখা আবশ্যক। তিনি বলেন, বাংলাদেশ রেলওয়ে এর মাধ্যমে অনেক Dangerous Goods পরিবহন করা হয়। Competent Authority-তে বাংলাদেশ রেলওয়ে এর প্রতিনিধি রাখা উচিত। তিনি সভায় আরও জানান, Competent Authority-তে শিপিং এজেন্ট এসোসিয়েশন, ফ্রেইড ফরওয়ার্ড এসোসিয়েশনকে রাখা যেতে পারে।

৮। বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর ব্যবস্থাপনা পরিচালক কমডোর মোঃ জিয়াউল হক জানান, Competent Authority তে বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর প্রতিনিধি রাখা উচিত। তিনি জানান Bangladesh Ocean Going Ship Owners Association (BOGSOA) এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর ০১ জন করে প্রতিনিধি রাখার জন্য সভায় অনুরোধ করেন। সেই সাথে তিনি Federation of Bangladesh Chambers of Commerce and Industries (FBCCI) কে অন্তর্ভুক্ত করার আগ্রহ প্রকাশ করেন।

**৯। সভায় দীর্ঘ আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :**

৯.১। নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত Competent Authority-তে FBCCI, BRTA, বাংলাদেশ রেলওয়ে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, কমিশনার অব কাস্টম, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে পরিচালক (ট্রাফিক)/হারবার মাস্টার অন্তর্ভুক্ত থাকবে এবং বাংলাদেশ পুলিশ, কোস্ট গার্ড, বিআইডব্লিউটিএ এবং আমর্ড ফোর্সেস ডিভিশন এর সরাসরি সংশ্লিষ্টতা না থাকায় এ কমিটিতে অন্তর্ভুক্ত হবে না।

৯.২। বাংলাদেশী বন্দরসমূহে IMDG (International Maritime Dangerous Goods) এবং IMSBC (International Maritime Solid Bulk Cargoes) কোড বাস্তবায়নে নৌপরিবহন অধিদপ্তর সার্বক্ষণিক তদারকি করবে।

৯.৩। নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক ভারত ও অন্যান্য দেশের SOP অনুসরণ করে খসড়া SOP প্রস্তুত করে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাগুলোতে মতামত প্রদানের জন্য প্রেরণ করবে। মতামত প্রাপ্তির পর সমন্বিত মতামতগুলো নিয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ে পরবর্তীতে একটি সভা অনুষ্ঠিত হবে। পরবর্তী সভায় SOP বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৯.৪। চট্টগ্রাম বন্দরে দীর্ঘ কয়েক বছর যাবৎ পড়ে থাকা Radio-active substance কে Disposal করবে সে বিষয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নৌপরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র লিখবে, মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক Radio-active substance টি Disposal করা হবে।

৯.৫। Competent Authority প্রয়োজনে লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে যেকোনো দপ্তর/সংস্থাকে অন্তর্ভুক্ত করতে পারবে।

৯.৬। নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ বন্দরগুলোর মান নিয়ে নৌপরিবহন অধিদপ্তর বিভিন্ন সময়ে IMO-তে রিপোর্ট প্রেরণ করতে হবে।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৩-০৮-২০২৩
মোঃ মোস্তফা কামাল
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয় ।

চলমান পাতা-৩

নং- ১৮.০১৯.০২৫.০০.০০.০০১.২০১৩-১৩৪ তারিখ: ৩০ শ্রাবণ, ১৪৩০ / ১৪ আগস্ট, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
২) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
৪) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৭) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৯) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
১০) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ
১১) চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ
১২) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
১৩) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন
১৪) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১৬) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর
১৭) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১৮) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের সচিবালয়, বাংলাদেশ কোস্ট গার্ড
১৯) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, মতিঝিল, ঢাকা।
২০) পরিচালক, নেভাল অপারেসন্স (অপস), নৌবাহিনীর সদর দপ্তর, বনানী, ঢাকা।
২১) ক্যাপ্টেন এ কে এম শফিকউল্লাহ, নৌপরিবহন অধিদপ্তর (প্রাক্তন মহাপরিচালক), মতিঝিল, ঢাকা।
২২) উপসচিব , চুক্তি ও প্রটোকল শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
২৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৪) চীফ নটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব), চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর
২৫) কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন (চলতি দায়িত্ব), কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন, নৌপরিবহন অধিদপ্তর
২৬) কমান্ডার সাকের আহমেদ, নটিক্যাল সার্ভেয়ার (মেরিটাইম সিকিউরিটি), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
২৭) প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২৮) অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪.০৮.২৩
(সৈয়দ আলী আহসান)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd